সংবাদ

তারিখ 9 AUG 2017
পৃষ্ঠা ৪২ কলাম ১

### শরণখোলা প্রা. শিক্ষা দফতর

# কর্তাদের গাফিলতিতে বেতন বঞ্চিত ৫ শতাধিক শিক্ষক

**প্রতিনিধি, শরণখোলা (বাগেরহাট)**

বাগেরহাটের শরণখোলা প্রাথমিক শিক্ষা কার্যালয় কর্তৃপক্ষের গাফিলতির কারণে গত জুলাই মাসের বেতন ভাতার টাকা গত ১০ দিনেও উত্তোলন করতে পারেনি অত্র উপজেলার শিক্ষক কর্মচারীরা। ওই কার্যালয়ের কতিপয় অসাধু কর্মকর্তা কর্মচারীদের অনৈতিক বাণিজ্যের পাশাপাশি দায়িত্ব পালনের ক্ষেত্রে তারা উদাসীন থাকায় এমন জটিলতার সৃষ্টি হয়েছে বলে শিক্ষকদের সূত্র জানিয়েছে। খোঁজ নিয়ে জানা যায়, জুলাই ২০১৭ মাসের বেতর ভাতার টাকা পার্শ্ববর্তী উপজেলা গুলোর শিক্ষক কর্মচারীরা গত ১ আগস্টের মধ্যে উত্তোলন করে নিলেও শরণখোলা উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর কর্তৃপক্ষের এক প্রকার খামখেয়ালিপনার কারণে ১১৪ টি বিদ্যালয়ের ৫ শতাধিক শিক্ষকদের বিল ৯ আগস্ট পর্যন্ত উপজেলা হিসাব শাখায় জমা পড়েনি। এমনকি জুলাই মাসের বেতনের টাকা কবে পাওয়া যাবে তার কোন সঠিক তারিখ নির্ধারণ করতে পারেনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

অপরদিকে, চলতি দ্বিতীয় সাময়িক পরীক্ষার প্রশ্ন পত্র সরবারহের নামে ওই দপ্তরের সহকারী শিক্ষক কর্মকর্তা মোঃ আখতার হোসেন অতিরিক্ত অর্থ হাতিয়ে নিয়েছে বলে অভিযোগ উঠেছে। সরকারি নিয়মানুযায়ী প্রতি সেট প্রশ্ন পত্রের গড় মূল্য ৪/৫ টাকা হলেও এ উপজেলার প্রায় ২০ হাজার শিক্ষার্থীদের প্রশ্ন পত্র সরবরাহের জন্য ওই শিক্ষা কর্মকর্তাকে দিয়ে হয়েছে সেট প্রতি ৮/১০ টাকা। অন্যদিকে, সংশ্লিষ্ট বিদ্যালয়গুলো কোমলমতি শিক্ষার্থীদের নিকট থেকে জনপ্রতি ৩০/৪০ টাকা করে ফি আদায় করে নিয়েছেন বলে অভিভাবকদের সূত্রে জানায়। এ বিষয় উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মোঃ আখতার হোসেন নানা অনিয়মরে বিষয় অস্বীকার করে বলেন, সরকারি রেট অনুসারে প্রশ্নপত্র সরবারহ করা হয়েছে। এবং জনবল সংকট ও ইন্টারনেটে সমস্যা থাকার কারনে শিক্ষকদের বেতন তৈরি করতে চলতি মাসে কিছুটা বিলম্ব হয়েছে। তবে, আগামী ২/১ দিনের মধ্যে এ সমস্যার সমাধান হবে।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর